

দৈনিক ইনকিলাব



১

তারিখ 9 FEB 1987
পৃষ্ঠা ১/২

ঢাকা কলেজের স্থগিত টেস্ট পরীক্ষা হবেই — শিক্ষামন্ত্রী

॥ স্টাফ রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান বলেছেন, ঢাকা কলেজের স্থগিত টেস্ট পরীক্ষা যে কোন মূল্যে অনুষ্ঠিত হবে। সৃষ্টভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য ছাত্র-শিক্ষকদের পর্যাপ্ত নিরাপত্তার বিধান করা হবে।

গতকাল রোববার জাতীয় সংসদে জাতীয় পার্টির সদস্য জনাব টি. এম. গিয়াসউদ্দিন আহমেদ কর্তৃক আনীত

শিক্ষা মন্ত্রীর

প্রথম পৃষ্ঠার পর

ঢাকা কলেজে বিগত ২-২-৮৭ তারিখে ঘটে যাওয়া ঘটনার ফলে সৃষ্ট পরিস্থিতি সম্পর্কে জরুরী জনগুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণের জবাবে মন্ত্রী একথা বলেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য শিক্ষাঙ্গনকে অপ্রভুক্ত করার জন্য সরকার প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবে। শিক্ষাঙ্গনে বোমাবাজি, অস্ত্রের সন্ত্রাস ও নৈরাজ্যে আমরা উদ্বিগ্ন। এ অবস্থা আর চলতে দিতে পারি না। আমরা শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ সৃষ্টি করবো, যেখানে সে পরিবেশ আছে তাকে রক্ষা করবো।

মন্ত্রী ঢাকা কলেজে অনুষ্ঠিত সাম্প্রতিক ঘটনা সম্পর্কে বলেন, ঢাকা কলেজে উচ্চ মাধ্যমিক পরীক্ষার নির্বাচনী পর্ব দু'বার চেষ্টা করেও নেয়া যায়নি। কতিপয় তথাকথিত দুষ্কৃতকারী, অস্ত্রধারী গত ২ ফেব্রুয়ারী পরীক্ষা চলাকালীন সময়ে কলেজে ঢুকে পড়ে। তারা কলেজে পটকা, বোমা ফাটিয়ে সন্ত্রাস সৃষ্টি করেছে।

এ অবস্থায় কলেজ কর্তৃপক্ষ পরীক্ষা স্থগিত রেখে পুনরায় পরীক্ষা গ্রহণের আয়োজন করে। কিন্তু দ্বিতীয় দফায়ও একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে। সেদিন দুষ্কৃতকারীদের একজনকে জনৈক শিক্ষক বোমাসহ পাকড়াও করেন। তিনি বলেন, তথাকথিত কিছু ছাত্র পরীক্ষায় পাস করতে পারবে বলেই এ রকম কাজ করেছে। তাদের সঙ্গে যুক্ত কিছু বহিরাগত শিক্ষার পরিবেশ নষ্ট করেছে।

শিক্ষামন্ত্রী সুস্পষ্টভাবে ঘোষণা করেন, টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ ফলাফল ছাড়া কোন ছাত্রকে চূড়ান্ত পরীক্ষা দিতে দেয়া হবে না।